বিমুখ। এইস্থানে দুই বিরুদ্ধভাবের শ্লোকের সমন্বয় অন্য কোনপ্রকারে করা যায় না। কারণ পূর্ব্বে চমস যোগীন্দ্র বলিয়াছেন—"কলৌ কিল ভবিষ্যন্তি নারায়ণপরায়ণাঃ", অর্থাৎ কলিযুগে সকল মানব নারায়ণপরায়ণ হইবে। আর এই পূর্ব্বোক্ত শ্রীশুকমুনির বাক্যে পাওয়া গেল, কলিযুগের লোক পাষণ্ডভাবে নারায়ণপরায়ণ হইবে না। এই দুই বিরুদ্ধভাবের শ্লোকের সঙ্গতি এই যে—যাহারা পাষণ্ডভাবে নামাপরাধী, তাহারাই শ্রীভগবানকে ভজন করে না ; আর যাহারা নিরপরাধ, তাহারা ভগবান শ্রীকৃষ্ণের ভজন করিয়া থাকেন ॥ ২৭৪ ॥

তদেবং কীর্ত্তনং ব্যাখ্যাতম্। তত্রাস্মিন্ কীর্ত্তনে নিজদৈন্যনিজাভীষ্টবিজ্ঞপ্তিস্তবপাঠাবপ্যন্তর্ভাব্যৌ। তথা তত্র শ্রীভাগবতাস্থতনামাদিকীর্ত্তনস্তু পূর্ব্ববদন্যদীয়নামাদি-কীর্ত্তনাদধিকং জ্ঞেয়ং। কলৌ তু প্রশস্তং তৎ। কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ॥ কলৌ নষ্টদৃশামেষ পুরাণার্কোঽধুনোদিত ইতি। অথ শরণাপত্যাদিভিঃ শুদ্ধান্তঃকরণশ্চেৎ এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়মিত্যাদ্যুক্তত্বান্নামকীর্ত্তনাপরি-ত্যাগেন স্মরণং কুর্য্যাৎ। তচ্চমনসানুসন্ধানম্। যদেব নামাদিসম্বন্ধিত্বেন বহুবিধং ভবতি। তত্র স্মরণসামান্যম্—এতাবান্ যোগ আদিষ্টো মচ্ছিষ্যৈঃ সনকাদিভিঃ। সর্ব্বতো মন-আকৃষ্যময্যদ্ধাবেশ্যতে যথা ॥ ২৭৫ ॥

যথা যথাবৎ ময্যাবেশ্যতে ইতি এতাবানিত্যর্থঃ। তথা চ স্কান্দে ব্রহ্মোক্তৌ আলোড্য সর্ব্বশাস্ত্রাণি বিচার্য্য চ পুনঃ পুনঃ। ইত্যাদি ॥ ১১।১৩। শ্রীভগবান্ ॥ ২৭৫ ॥

পূর্ব্বোক্ত প্রকারে শ্রীকীর্ত্তনাঙ্গ-ভক্তি ব্যাখ্যা করা হইলেন। এই কীর্ত্তনাঙ্গ-ভক্তির মধ্যে নিজ দৈন্যমিশ্রিত নিজাভীষ্ট বিজ্ঞপ্তি এবং স্তবপাঠও অন্তর্ভুক্ত আছে। তন্মধ্যেও শ্রীমদ্ভাগবতোক্ত শ্রীভগবানের নাম, রূপ. গুণ ও লীলা প্রভৃতির কীর্ত্তন অন্য পুরাণে বর্ণিত নাম-রূপাদি হইতে প্রশস্ত বুঝিতে হইবে। কিন্তু কলিকালে শ্রীমদ্ভাগবত কীর্ত্তনই সর্ব্ব শ্রবণকীর্ত্তন হইতে শ্রেষ্ঠ। যেহেতু এই শ্রীমদ্ভাগবত শ্রীকৃষ্ণের প্রতিনিধিরূপে কলিহত জীবের সাধ্যসাধন-তত্ত্ব নিরূপণের জন্য এই কলিযুগেই আবির্ভূত হইয়াছেন। সেই অভিপ্রায়েই শ্রীমদ্ভাগবতের ১।৩।৪৫ শ্লোকে শ্রীসূতগোস্বামী শৌণকাদি ঋষিগণকে বলিয়াছেন—"শ্রীকৃষ্ণ ধর্ম্মজ্ঞান বৈরাগ্য ও ঐশ্বর্য্যের সহিত নিজধামে প্রবেশ করিলে কলিযুগে নষ্টদৃষ্টি মানবের সাধ্যসাধনতত্ত্ব প্রদর্শন করাইবার জন্য এই শ্রীমদ্ভাগবত সূর্য্যরূপে উদিত হইয়াছেন।" অনন্তর শরণাগতি প্রভৃতির দ্বারা অন্তঃকরণ শুদ্ধ হইলে ২।১।১১ শ্লোকে শ্রীশুকমুনি কর্ত্তৃক কথিত শ্রীনাম-সঙ্কীর্ত্তনই বিষয়ী মুমুক্ষু মুক্ত মহাপুরুষগণের একমাত্র অকুতোভয়। এই প্রমাণ অনুসারে শ্রীনামকীর্ত্তন পরিত্যাগ না করিয়া স্মরণ করা কর্তব্য। মনে মনে ভগবদ্বিষয়ক অনুসন্ধানের নামস্মরণ। স্মরণ, নাম, রূপ, গুণ, লীলা, পরিকরভেদে